

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
সংসদ ও সমন্বয় শাখা


সিটিজেন'স চার্টার বিষয়ে সম্পৃক্ততা ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	: ২৪-১১-২০২০; বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	: অনলাইন প্ল্যাটফর্ম জুমে অনুষ্ঠিত

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সিটিজেন'স চার্টার বাস্তবায়নে এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনার আওতায় সভাটি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত থাকলেও কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যঝুঁকি এড়াতে সভাটি জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হচ্ছে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সিটিজেন'স চার্টার বিষয়ক নির্দেশিকার বিধানাবলি অনুসরণ করার জন্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন'স চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের সিটিজেন'স চার্টার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিস্তারিত উপস্থাপনা করেন। উপস্থাপনায় সিটিজেন'স চার্টার এবং সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা ২০১৭, সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ ছক মোতাবেক সেবার মান উন্নয়ন ও মূল্যায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় প্রাধান্য পায়। সভার সকল সদস্য উক্ত উপস্থাপনার উপর তাঁদের মতামত প্রদান করেন এবং গঠনমূলক আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.ম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	৩১-১২-২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন'স চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সিটিজেন'স চার্টার প্রণয়ন কমিটি (মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা-সকল)
২.	৩১-১২-২০২০ এর মধ্যে সিটিজেন'স চার্টারে বর্ণিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ, নাগরিক ও প্রাতিষ্ঠানিক সেবা বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	সিটিজেন'স চার্টার প্রণয়ন কমিটি
৩.	আওতাধীন দপ্তর/সংস্থা তাদের স্ব স্ব অধিক্ষেত্রে সিটিজেন'স চার্টার বিষয়ক অবহিতকরণ সভা আয়োজন করবেন।	দপ্তর/সংস্থা (সকল) এর সিটিজেন'স চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা

পরিশেষে, সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করেন এবং সিটিজেন'স চার্টার বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শহীদুল আলম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেন'স চার্টার